

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

এডি-পি১-৮০২৬/০৪০১/৯০৭

১৬ আগস্ট ২০১৮

প্রেরক : তাহসিনা আফরিন শারমিন
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক : মিজ ভূষিতা চাকমা
সিনিয়র সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ১৭-৩১ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত ৪র্থ বিমেস্টেক সম্মেলন উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু-এর কাজে সার্বিক সহযোগিতার জন্য সরকারি ভ্রমণের প্রশাসনিক মঞ্জুরি প্রসঙ্গে।

জনাব,

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, আগামী ৩০-৩১ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত ৪র্থ বিমেস্টেক সম্মেলন উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু-এর কাজে সার্বিক সহযোগিতার জন্য আপনার অনুকূলে আগামী ১৭-৩১ আগস্ট ২০১৮ তারিখ পর্যন্ত ঢাকা-কাঠমুন্ডু-ঢাকা ভ্রমণের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লেখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- (ক) আপনি আগামী ১৭ আগস্ট ২০১৮ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে কাঠমুন্ডু-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ৩১ আগস্ট ২০১৮ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে কাঠমুন্ডু ত্যাগ করবেন।
- (খ) ভ্রমণকালীন সময়ে আপনি মন্ত্রণালয়ে কর্মরত রয়েছেন বলে গণ্য হবেন এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- (গ) এ প্রেক্ষিতে আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং তা পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশ্লিষ্ট খাত থেকে বিকলন যোগ্য হবে।
- (ঘ) অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি কাঠমুন্ডু-তে অবস্থান করতে পারবেন না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

Tahsina 16/8/18

(তাহসিনা আফরিন শারমিন)
সহকারী সচিব (সংস্থাপন-১)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. প্রধান, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. সচিব-দ্বিপাক্ষিক (এশিয়া ও প্রশান্ত)/ দ্বিপাক্ষিক ও কনস্যুলার (ইউরোপ, আফ্রিকা এবং আমেরিকাস), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক (প্রশাসন/ দক্ষিণ এশিয়া/সার্ক)/রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪. পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/দক্ষিণ এশিয়া/অর্থ)/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫. মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), ঢাকা।
০৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (রাষ্ট্রাচার-সফর/এসএসএ/বাজেট/তহবিল/কনস্যুলার-১/দক্ষিণ এশিয়া/ আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৯. বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু।
১০. সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।

Tahsina 16/8/18

(তাহসিনা আফরিন শারমিন)
সহকারী সচিব (সংস্থাপন-১)